রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone: +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/২৮-২০২৪/২৮৬
Ref. No.

তারিখ : ২৬.১০.২০২৪
Date:

ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিশেষ কোটার ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশেষ (মুক্তিযোদ্ধার নাতি-নাতনি ও উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী কোটায় অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ২৭.১০.২০২৪ তারিখ রবিবার অফিস চলাকালীন (সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা) সময়ের মধ্যে নিম্নে বর্ণিত তফসিল অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১। **ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশেষ (মুক্তিযোদ্ধার নাতী-নাতনী ও উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী, কোটায় অপেক্ষমান তালিকা থেকে নির্বাচিত শিক্ষার্থীদের আগামী ২৭-১০-২০২৪ তারিখ অফিস চলাকালীন (সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা) এর মধ্যে প্রাপ্ত বিভাগে সশরীরে উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে আনুষাঙ্গিক ফিসমূহ জমাদান রশিদ সংগ্রহ করে অগ্রণী ব্যাংক পি.এল. সি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি ফরমে বিভাগীয় সভাপতি, ডিন ও হল প্রভোস্টের স্বাক্ষরসহ একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিয়ে চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। শিক্ষার্থীগণ যে বিভাগে চূড়ান্তভাবে ভর্তি হবে, বিভাগ উন্নয়ন ফি শুধুমাত্র সেই বিভাগে প্রদান করতে হবে। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের পূর্ববর্তী বিভাগে ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আদায়কৃত বিভাগ উন্নয়ন ফি ৩,০০০/= (তিন হাজার) টাকা হতে ১০% অর্থ (৩০০/=তিনশত) টাকা কর্তন করে বিভাগ অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নগদ প্রদান করবে।

৩। **GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ৫,০০০/=টাকা জমাকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য :**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশেষ কোটায় A, B ও C ইউনিটে প্রাথমিক ভর্তি নিশ্চয়নকারী শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য জমাকৃত ৫০০০/= টাকা বাদে অবশিষ্ট ভর্তি ও আনুষাঙ্গিক ফি A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহে জন্য সেশন ফি ১,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ২,৮৫০/= টাকা। B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য সেশন ফি ৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ১,৩৫০/= টাকা। C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য সেশন ফি ৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফেটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= টাকাসহ সর্বমোট ১,৮৩০/= টাকা, ডীন অফিস ২৫০/= টাকা, 'বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা ও অনাবাসিক শিক্ষার্থীদের হল সংযুক্তি ও আনুষাঙ্গিক ফি'বাবদ ৯১৫/=(নয়শত পনের) টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক পি.এল.সি ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। **কোটায় ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :**

(ক) মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্রের ফটোকপি কোটার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সেই সাথে গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে সম্পর্কের প্রত্যয়নপত্র, সম্পর্কিত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র এবং প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসি ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), সম্প্রদায় কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্রসহ প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সকল সনদপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone: +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX: +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৪/২২৮ তারিখ : ২৬.১০.২০২৪
Ref. No. Date:

৫। **শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে (ক) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি। (খ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি। (গ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (ঘ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি। (ঙ) অভিভাবকের আয়ের সনদ। (চ) GST তে ৫,০০০/= টাকা জমাকৃত ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষরিত একনলেজমেন্ট স্লিপের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রত্যেকের ভর্তি ফরমের সাথে অবশ্যই তাদের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) ইউনিট সমন্বয়কারী অফিসে জমা থাকায় অবশ্যই একনলেজমেন্ট স্লিপের ফটোকপি জমা দিতে হবে। তবে, D ইউনিটের ভর্তি ফরমের সাথে অবশ্যই এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (ফেরৎযোগ্য) জমা দিতে হবে।

উল্লেখ্য, GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের যে কোন একটি বিশ্ববিদ্যালয়ে যদি মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা থাকে তাহলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষরিত মূল একনলেজমেন্ট স্লিপ প্রদর্শন করতে হবে। এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসা পত্র ও সনদ পত্র (যে কোন ধরণের সনদ পত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে এই বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

২৬/১০/২৪
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

স্মারকনং-০২/শিক্ষা/ইবি-২০২৪/২২৮ তারিখ : ২৬.১০.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। ডীন,.., অনুষদ, ইবি।
২। সমন্বয়কারী, ...ইউনিট (ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪), ইবি।
৩। সভাপতি,.. বিভাগ, ইবি।
৪। প্রভোস্ট,...হল, ইবি।
৫। প্রক্টর, ইবি ।
৬। ছাত্র-উপদেষ্টা, ইবি।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), ইবি।
৮। গ্রন্থাগারিক (ভারপাপ্ত), ইবি।
৯। পরিচালক (টি.এস.সি.সি), ইবি।
১০। প্রেস প্রশাসক, ইবি।
১১। পরিচালক (ভারপ্রাপ্ত) পরিকল্পনা ও উন্নয়ন, ইবি।
১২। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও তথ্য প্রকাশনা অফিস, ইবি।
১৩। পরিচালক, (আই.আই.ই আর), ইবি।
১৪। পরিচালক (ভারপ্রাপ্ত), শরীর চর্চা বিভাগ, ইবি।
১৫। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), ইবি।
১৬। প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), প্রকৌশল অফিস, ইবি ।
১৭। প্রধান মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত), ইবি।
১৮। পরিবহন প্রশাসক, ইবি।
১৯। উপ-রেজিস্ট্রার (এস্টেট), ইবি।
২০। উপ-রেজিস্ট্রার (ভি.সি অফিস) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২১। উপ-রেজিস্ট্রার (প্রো-ভাইস-চ্যান্সেলর অফিস), প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য ইবি।
২২। উপ-পরিচালক (ট্রেজারার অফিস) ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৩। পরিচালক, আই.সি.টি. সেল (বিজ্ঞপ্তিটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো)।
২৪। উপ-রেজিস্ট্রার (এ্যাঃ টু-রেজিঃ) রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
২৫। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক পি.এল.সি ইবি শাখা (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তফসিল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২৬। নথি।

২৬.১০.২০২৪
উপ-রেজিস্ট্রার(শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়,
কুষ্টিয়া

CamScanner